# বার্ষিক প্রতিবেদন-২০২৪

বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।

# বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন-২০২৪

## সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | ভূমিকা | ০৩ |
| ০২. | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ এর এবারের প্রতিপাদ্য | ০৪ |
| ০৩. | বার্ষিক প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ | ০৫ |
| ০৪. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার তথ্য | ০৬ |
| ০৫. | রংপুর বিভাগের জেলা উপজেলা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার তথ্য | ০৭-০৮ |
| ০৬. | তথ্য অধিকার আইন বাস্তবায়নে রংপুর বিভাগের বিভাগীয় পর্যায়ের অফিসমূহ ও জেলা পর্যায়ের অফিসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম | ০৯-১০ |
| ০৭. | রংপুর বিভাগের আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তা (ডিও) দের তথ্য | ১১ |
| ০৮. | ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ'র আওতাধীন তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন | ১২ |
| ০৯. | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন এবং তথ্য অধিকার বাস্তবায়নে রংপুর বিভাগের জেলা ও উপজেলা পর্যায়ের অফিসমূহ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের চিত্র | ১৩-২৭ |
| ১০. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এ বর্তমানে কর্মরত কর্মকর্তাবৃন্দ | ২৮ |
| ১১. | তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, রংপুর এর তালিকা | ২৯ |
| ১২. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম | ৩০ |
| ১৩. | তথ্য অধিকার বাস্তবায়নে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর সুপারিশ | ৩১ |
| ১৪. | উপসংহার | ৩২ |

# ভূমিকা


তথ্যের অবাধ প্রবাহ রচনা ও জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণীত ও কার্যকর হয়। এটি প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণের ক্ষমতায়নের আইন যা অনন্য, সার্বজনীন ও অন্তর্ভূক্তিমূলক। শক্তিশালী নাগরিক বান্ধব এ আইনটি সর্বস্তরের নাগরিককে রাষ্ট্রের সর্ব বিষয়ে তথ্য পাওয়ার আইনী ভিত্তি ও কাঠামো রচনা করে দিয়েছে। গণতান্ত্রিক সমাজ ও জনগণের প্রতি সংবেদনশীল প্রতিষ্ঠান বিনির্মাণে আইনটি সহায়ক ভূমিকা পালন করে যাচ্ছে। স্বচ্ছতা, জবাবদিহিতা, সততা ও সুশাসন প্রতিষ্ঠার অন্যতম হাতিয়ার এ আইনটি। আইনের শাসন, সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচার, মৌলিক মানবাধিকার নিশ্চিত করে চলেছে। আইনটির প্রয়োগ ও চর্চা সকল কর্তৃপক্ষের জন্য বাধ্যতামূলক অন্তত: দুর্নীতি ও মানাবধিকার লংঘনের ক্ষেত্রে। দারিদ্র বিলোপ, শিক্ষা,স্বাস্থ্য ও নারী উন্নয়নে, জেন্ডার সমতা অর্জনে, খাদ্য নিরাপত্তা, শিশুমৃত্যু, মাতৃমৃত্যুর হার কমানো ইত্যাদি সব ক্ষেত্রে তথ্যের অবাধ প্রবাহ, জনগণের তথ্যে প্রবেশাধিকার তথা তথ্য অধিকার আইন-২০০৯ সহায়ক ভূমিকা পালন করেছে। তথ্য অধিকার আইন সর্বক্ষেত্রে বাস্তবায়নে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর দৃঢ় প্রতিজ্ঞ।

জনগণের তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভায় বিভাগ, জেলা ও উপজেলা কমিটিসমূহকে **"অনলাইন ট্র্যাকিং সিস্টেম"** (অনলাইনে আবেদন, আপীল ও অভিযোগ দায়ের ও ট্র্যাকিং করার পদ্ধতি) সম্পর্কে অবহিত করা হচ্ছে।



## আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ এর এবারের প্রতিপাদ্য:

## “কর্তৃপক্ষের সকল দ্বার খুলে দেবে তথ্য অধিকার”




**বার্ষিক প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ অনুসারে চিন্তা, বিবেক ও বাক্-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক্-স্বাধীনতার অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য। তথ্য অধিকারকে জনগণের ক্ষমতায়নের একটি অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করা হয়। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন পরিস্থিতি, এ আইন অনুসারে প্রাপ্ত আবেদন ও তথ্য প্রদানের সংখ্যা, এতদসংক্রান্ত আপীল ও নিষ্পত্তির সংখ্যা, তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন সভা, সেমিনার ও আলোচনা, প্রতিবেদন প্রভৃতি এ বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। ওয়েবসাইটে অনেক গুরুত্বপূর্ণ তথ্যাবলী স্ব-উদ্যোগে প্রকাশ করা হয়েছে। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির স্বচিত্র তথ্য তুলে ধরা হয়েছে।


















আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস- ২০২৪ উদযাপন অনুষ্ঠানের স্থির চিত্র

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার তথ্য:

**তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য:**



| | |
|---|---|
| নাম | ইন্দ্রজীত সাহা |
| মোবাইল | ০২৫৮৮৮১২০০৭ |
| পদবি | সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ শাখা) |
| অফিস | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর। |
| ই-মেইল | general.divrangpur@gmail.com |

**বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য:**



| | |
|---|---|
| নাম | মো:কামরুজ্জামান সরকার |
| মোবাইল | ০১৭১০৬৪৫৭৭৯ |
| পদবি | সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব শাখা) |
| অফিস | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর। |
| ই-মেইল | rev.divcomrangpur@gmail.com |

**অপীল কর্তৃপক্ষের তথ্য:**



| | |
|---|---|
| নাম | মোঃ আসাদুজ্জামান |
| মোবাইল | ০১৭১৫২৩৪০১৬ |
| পদবি | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) |
| অফিস | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর। |
| ই-মেইল | adldivcomgrangpur@mopa.gov.bd |

## তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের জেলাওয়ারি তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপিল কর্মকর্তার তথ্য: সিরিয়াল অনুযায়ী জেলা

| ক্রং | জেলা | তথ্য প্রদানকারী কর্মকর্তা নাম | বিকল্প কর্মকর্তা নাম | আপীল কর্মকর্তা নাম |
|---|---|---|---|---|
| ১ | রংপুর | মো: ঝন্টু আলী (৪১০০৩১৮)<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ( ট্রেজারী শাখা, তথ্য ও অভিযোগ শাখা, তথ্য প্রদানকারী কর্মকর্তা )<br>মোবাইল নং : ০১৭৪৭৩১৩০২৭<br>ফোন (অফিস) : ০২৫৮৯৯৬১০৪৮<br>ই-মেইল :<br>actrrangpur@mopa.gov.bd | মাহমুদ হাসান মৃধা (১৮৪৯৯)<br>সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (রাজস্ব শাখা)<br>মোবাইল নং : ০১৭১১১৬২৬০৬<br>ফোন (অফিস) : ০২৫৮৯৯৬২৬৪৮<br>ই-মেইল :<br>rdcrangpur@mopa.gov.bd | মোঃ আজমল হোসেন (১৫০২০)<br>বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত)<br>রংপুর বিভাগ, রংপুর ফোন (অফিস) ০২৫৮৮৮১২০০১ ই-মেইল:<br>divcomrangpur@mopa.gov.bd |
| ২ | গাইবান্ধা | মো: মোস্তাফিজুর রহমান<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সাধারণ শাখা, ট্রেজারী শাখা, তথ্য ও অভিযোগ শাখা)ফোন: ০২৫৮৮৮৭৭৫০৯ ই-মেইল:<br>mostafiz.11992@gmail.com | সাব্বির আহমেদ<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (গোপনীয় শাখা, লাইব্রেরী শাখা ও ফরমস ও স্টেশনারী শাখা)ফোন: ০১৭৯৪৭৩৯৩৯০<br>ই-মেইল:<br>ahmed112048@gmail.com | মোঃ আজমল হোসেন (১৫০২০)<br>বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত)<br>রংপুর বিভাগ, রংপুর ফোন (অফিস) ০২৫৮৮৮১২০০১ ই-মেইল:<br>divcomrangpur@mopa.gov.bd |
| ৩ | কুড়িগ্রাম | এম. শরীফ খান<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ( সাধারণ শাখা, স্থানীয় সরকার শাখা, শিক্ষা ও কল্যাণ শাখা এবং তথ্য ও অভিযোগ শাখা)<br>মোবাইল নং : ০১৯২০-৯৬৭০২৯<br>ফোন (অফিস) : ০১৯২০-৯৬৭০২৯<br>ই-মেইল :<br>sharifmdkhan100@gmail.com | মোঃ শফিকুল ইসলাম<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (নেজারত শাখা, ট্রেজারী শাখা, ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা এবং মিডিয়া সেল)<br>মোবাইল নং : ০১৭৭৪৪৩৪২৫০<br>ফোন (অফিস) : ০১৭৭৪৪৩৪২৫০<br>ই-মেইল :<br>shafiq66391@gmail.com | মোঃ আজমল হোসেন (১৫০২০)<br>বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত)<br>রংপুর বিভাগ, রংপুর ফোন (অফিস) ০২৫৮৮৮১২০০১ ই-মেইল:<br>divcomrangpur@mopa.gov.bd |
| ৪ | লালমনিরহাট | মোঃ সাজ্জাদ হোসেন<br>সহকারী কমিশনার (সাধারণ শাখা, প্রবাসী কল্যাণ শাখা, ব্যবসা বানিজ্য ও বিনিয়োগ শাখা) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>মোবাইল নং : ০১৭৪৮৫৮৫৯৮০<br>ফোন (অফিস) : ০১৭৪৮৫৮৫৯৮০<br>ই-মেইল :<br>shazzadhossainabir@gmail.com | এস. এম. শাফায়াত আখতার নূর<br>সহকারী কমিশনার (এনডিসি, ত্রাণ ও পুনর্বাসন শাখা) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>ফোন (অফিস) : ০১৭৩৩৩০০২০৬<br>ই-মেইল :<br>shafaatnur60@gmail.com | মোঃ আজমল হোসেন (১৫০২০)<br>বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত)<br>রংপুর বিভাগ, রংপুর<br>ই-মেইল<br>divcomrangpur@mopa.gov.bd<br>ফোন (অফিস) 02588812001<br>ফোন (বাসা) 0521-67900<br>মোবাইল নং 01730326970<br>ফ্যাক্স 02588812014 |
| ৫ | নীলফামারী | মোঃ নিয়াজ ভূইয়া<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (এনজিও, হেল্পডেস্ক, প্রবাসী কল্যাণ এবং তথ্য ও অভিযোগ শাখা)<br>মোবাইল নং : ০১৭৭৮১৬৪৪০৮<br>ফোন (অফিস) : ০২৫৮৯৯৫৫৩০৯<br>ই-মেইল :<br>niazbhuian@gmail.com | মোঃ তানজীর ইসলাম<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (আরএম শাখা)<br>মোবাইল নং : ০১৭১৯০২০৭০০<br>ফোন (অফিস) : ০২৫৮৯৯৫৫৩০৯<br>ই-মেইল :<br>mdtanjirislam311@gmail.com | মোঃ আসাদুজ্জামান (১৫৪০৪)<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)<br>মোবাইল নং : ০১৭১৫২৩৪০১৬<br>ফোন (অফিস) : ০২৫৮৮৮১২০০৫<br>ই-মেইল :<br>adldivcomgrangpur@mopa.gov.bd |

| ক্র নং | জেলা | তথ্য প্রদানকারী কর্মকর্তা নাম | বিকল্প কর্মকর্তা নাম | আপীল কর্মকর্তা নাম |
|---|---|---|---|---|
| ৬ | দিনাজপুর | মোঃ সুজন পারভেজ<br>সহকারী কমিশনার (তথ্য ও অভিযোগ শাখা, তথ্য প্রদানকারী কর্মকর্তা, মিডিয়া সেল)<br>ই-মেইল :<br>fbsmkt1919@gmail.com | ফারহানা ফেরদৌস শিউলি<br>সহকারী কমিশনার (সাধারণ শাখা)<br>ফোন: ০১৮৪৪-৭৭৭৫৭৯ ই-মেইল:<br>ffshiuly92@gmail.com | মোঃ আসাদুজ্জামান (১৫৪০৪)<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)<br>মোবাইল নং : ০১৭১৫২৩৪০১৬<br>ফোন (অফিস) : ০২৫৮৮৮১২০০৫<br>ই-মেইল :<br>adldivcomgrangpur@mopa.gov.bd |
| ৭ | ঠাকুরগাঁও | মোঃ তারেক হাসান তাহসিন<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (আরএম শাখা এবং আইসিটি শাখা)<br>মোবাইল নং : ০১৭১৫৪০১৮৫৯<br>ফোন (অফিস) : ০১৭১৫৪০১৮৫৯<br>ই-মেইল :<br>tareque.hasan.tahsin@gmail.com | পলাশ তালুকদার<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (নেজারত শাখা, ত্রাণ ও পুনর্বাসন শাখা, ট্রেজারি শাখা এবং ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা) )<br>মোবাইল নং : ০১৭৬২৩১৫৩৯৫ (NDC), ০১৬৮২৭৭০০০৬<br>ফোন (অফিস) : ০২৫৮৯৯৩১৯৮<br>ই-মেইল :<br>thakurgaonndc@gmail.com | মোঃ আজমল হোসেন (১৫০২০)<br>বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত)<br>মোবাইল নং : ০১৭৩০৩২৬৯৭০<br>ফোন (অফিস) : ০২৫৮৮৮১২০০১<br>ই-মেইল :<br>divcomrangpur@mopa.gov.bd<br>ফ্যাক্স : ০২৫৮৮৮১২০১৪ |
| ৮ | পঞ্চগড় | মো: মিজানুর রহমান<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (ত্রাণ শাখা এবং ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা)<br>পঞ্চগড় জেলা<br>ই-মেইল<br>drmizanur074@gmail.com | সুবীর সাহা<br>সহকারী কমিশিনার ও এক্সিকিউটি ম্যাজিস্ট্রেট (সাধারণ শাখা)<br>পঞ্চগড় জেলা<br>ই-মেইল<br>ss.buet@gmail.com | মোঃ আজমল হোসেন (১৫০২০)<br>বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত)<br>রংপুর বিভাগ, রংপুর<br>ই-মেইল<br>divcomrangpur@mopa.gov.bd<br>ফোন (অফিস) 02588812001<br>ফোন (বাসা) 0521-67900<br>মোবাইল নং 01730326970<br>ফ্যাক্স 02588812014 |

**তথ্য অধিকার আইন বাস্তবায়নে রংপুর বিভাগের বিভাগীয় পর্যায়ের অফিসসমূহ ও জেলা পর্যায়ের অফিসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম:সিরিয়াল অনুযায়ী জেলা**

| ক্র. নং | কর্তৃপক্ষের/দপ্তরের নাম | কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবররণ |
|---|---|---|
| ১ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর | ১। এ কার্যালয়ের সমন্বয়ে জেলা ও উপজেলা পর্যায়ে তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন করা হয়েছে।<br>২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ আছে।<br>৩। অভ্যন্তরীণ প্রশিক্ষণের আওতায় এ কার্যালয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হবে।<br>৪। তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণের বিষয়ে নিয়মিত নির্দেশনা দেওয়া হচ্ছে।<br>৫। ওয়েবসাইটের নির্ধারিত বক্সে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ করা হয়েছে। |
| ২ | বিভাগীয় তথ্য অফিস, রংপুর | ১। ৬০ ঘণ্টা প্রশিক্ষণের অংশ হিসেবে তথ্য অধিকার আইন বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।<br>২। তথ্য অধিকার বিষয়ে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে।<br>৩। প্রবিধিমালা, ২০১০ এর তফসিল ১,২ বর্ণনামতে স্বপ্রণোদিত তথ্য আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহীর তথ্য বাতায়ন ও তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি রাখা আছে। |
| ৩ | বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, রংপুর | বিভাগের অধীনস্ত সকল জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও মোবাইল নম্বর প্রদর্শণ করা হচ্ছে। |
| ৪ | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ | ১। সিটিজেন চার্টার অফিস ভবনের সম্মুখে ও ওয়েব পোর্টালে প্রদর্শন।<br>২। খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীর তালিকা ওয়েবপোর্টালে প্রদর্শন।<br>৩। আমন/২০২৪-২৫ সংগ্রহের লক্ষ্যমাত্রা ওয়েবপোর্টালে প্রদর্শন।<br>৪। কর্মকর্তা ও কর্মচারীগণের তথ্যাদি ওয়েবপোর্টালে প্রদর্শন।<br>৫। তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্যাদি ওয়েব পোর্টালে প্রদর্শন।<br>৬। আপীল কর্তৃপক্ষের নাম, পদবি ও ঠিকানা সিটিজেন চার্টারে প্রদর্শন। |
| ৫ | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয় | ১। তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন<br>২। পোর্টালে তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ |
| ৬ | বিএসটিআই বিভাগীয় অফিস, রংপুর | ক) তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।<br>খ) ওয়ান স্টপ সার্ভিস ও অনলাইনের মাধ্যমে তথ্য প্রদান করা হচ্ছে।<br>গ) অত্রাফিসে গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ মাসিক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্ররণ করা হচ্ছে।<br>ঘ) তথ্য অধিকার আইন বাসত্মবায়নের নিমিত্তে চারটি আলোচনা সভা করা হয়েছে। |
| ৭ | ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, রংপুর | ১। সিটিজেন চার্টার প্রদর্শন করা হয়েছে।<br>২। ওয়েবসাইট হালনাগাদকরণ করা হচ্ছে। |
| ৮ | জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় | ১। প্রতি দুইমাসে তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ ও পরিবীক্ষণ জেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়ে থাকে। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণসহ পোর্টালের নির্ধারিত লিংকে আপলোড করা হয়ে থাকে।<br>২। জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার সকল তথ্য পোর্টালের নির্ধারিত লিংকে আপলোড করা আছে।<br>৩। পঞ্চগড় জেলা পোর্টালে তথ্য অধিকার আইন ২০০৯ সহ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য প্রাপ্তির আবেদনসহ এতদসংক্রান্ত বিভিন্ন ফরমসমূহ, বিধিমালা, আইন নির্ধারিত লিংকে আপলোড করা আছে।<br>৪। ২৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উপলক্ষে জেলা ও সকল উপজেলায় মাইকিং এর মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়টি ব্যাপক প্রচারণা চালানো হয় এবং দিবসটিতে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিদের সমন্বয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। |

| ক্র. নং | কর্তৃপক্ষের/দপ্তরের নাম | কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবররণ |
|---|---|---|
| ৯ | জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও | ১। বিভিন্ন সভা সেমিনারে তথ্য অধিকার বিষয়ে আলোকপাত করা হয়।<br>২। শহরের গুরুত্বপূর্ণ স্থানে তথ্য অধিকার বিষয়ে প্রচারণার উদ্দেশ্যে ব্যানার ও ফেস্টুন লাগানো হয়েছে।<br>৩। জেলা উন্নয়ন সমন্বয় সভায় তথ্য অধিকার বিষয়ে পৃথক আলোচ্য সূচি নির্ধারণ করা হয়েছে।<br>৪। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপনের জন্য জেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। |
| ১০ | জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর | ১। তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ক নিয়মিত দ্বিমাসিক সভা আয়োজন এবং প্রচারণা করা হয়।<br>২। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন।<br>৩। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উপলক্ষে আলোচনা সভা আয়োজন।<br>৪। তথ্য অধিকার আইন বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন।<br>৫। তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক প্রচার প্রচারণা।<br>৬। তথ্য অধিকার আইন বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন। |
| ১১ | জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী | ০১। তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন<br>০২। তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভা<br>০৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহিতা/অংশীজনদের অবহিত করণ সভা<br>০৪। দৃশ্যমান স্থানে অভিযোগবক্স/সেবাবক্স স্থাপন করা হয়েছে। |
| ১২ | জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট | ১। জনবহুল ও গুরুত্বপূর্ণ স্থানসমূহে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের ব্যানার ফেস্টুন স্থাপন ও প্রদর্শন ও আলোচনা সভা অনুষ্ঠান আয়োজন করা হয়।<br>২। বিভিন্ন জনবহুল স্থানে সুসজ্জিত গাড়ী দ্বারা দিবসটির তাৎপর্য তুলে ধরে মাইকিং এর মাধ্যমে প্রতিপাদ্য বিষয় “ তথ্য আমার অধিকার, জানা আছে কি সবার” ও স্লোগান “তথ্য আমার অধিকার, জানতে হবে সবার” অডিও রেকর্ড প্রচার করা হয়। |
| ১৩ | জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর | ১। তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ দেয়া আছে<br>২। জেলা প্রশাসনের ওয়েবসাইটে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, মোবাইল নম্বর ও ইমেল নম্বর দেয়া আছে<br>৩। নিয়মিত তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জেলা অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়ে থাকে<br>৪। ২৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখ যথাযোগ্য মর্যাদার সহিত আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপিত হয়েছে<br>৫। সিটিজেন চার্টার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং অত্র কার্যালয়ের বড় ফরমেটে দৃশ্যমান স্থানে বিলবোর্ডে স্থাপন করা হয়েছে<br>৬। অত্র কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়<br>৭। জেলা প্রশাসনের সভা সেমিনার, বিজ্ঞাপ্তি, নোটিশ, নিয়োগ, কর্মশালা বিভিন্ন  চিঠি পত্র ওয়েবসাইটে প্রকাশ করা হয়<br>৮। জেলা প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীদের পরিচিতি ও মোবাইল নম্বর আপলোড দেয়া আছে |
| ১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম | ১। তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্য অধিকার দিবস পালন, আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হয়।<br>২। তৃণমূল পর্যায়ে তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে মাইকের মাধ্যমে ব্যাপক প্রচার করা হয়।<br>৩। তথ্য অধিকার দিবস-২০২৪ এর প্রতিপাদ্য ও শ্লোগান ব্যাপক প্রচার করা হয়।<br>৪। সামাজিক যোগাযোগ মাধ্যমে তথ্য অধিকার দিবস-২০ এর তাৎপর্য ব্যাপক প্রচার করা হয়।<br>৫। তথ্য অধিকার দিবস-২০২৪ উপলক্ষে ফেস্টুন, ব্যানার, প্লাকার্ডসহ জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষার্থী, এনজিও এবং গণমাধ্যমকর্মীসহ সর্বসাধারণের অংশগ্রহণে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক আলোচনা সভার আয়োজন করা হয়। |
| ১৫ | জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা | ১। জেলা উন্নয়ন সমন্বয় সভায় তথ্য অধিকার বিষয়ে আলাদা আলোচ্য সূচি নির্ধারণ করা হয়েছে।<br>২। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপনের জন্য জেলা পর্যায়ে ফেস্টুন, ব্যানার, প্লাকার্ডসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। |

রংপুর বিভাগের আওতাধীন জেলা প্রশাসকরে কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তা (ডিও) দের তথ্য:

| জেলার নাম | জেলা | | উপজেলা | |
|---|---|---|---|---|
| | আওতাধীন দপ্তর/ কার্যালয়সমূহে নিয়োজিত দয়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | আরটিআই অনলাইন কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | আওতাধীন দপ্তর/ কার্যালয়সমূহে নিয়োজিত দয়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | আরটিআই অনলাইন কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা |
| রংপুর | ৯৫ | ১৩০ | ১২৪ | ১১৭ |
| গাইবান্ধা | ৫৬ | ৪০ | ১৮৩ | ১২০ |
| কুড়িগ্রাম | ৭২ | ১৮৪ | ২২৪ | ২৩৮ |
| লালমনিরহাট | ৮৪ | ৪২ | ১৫৭ | ১২৫ |
| নীলফামারী | ৭৮ | ৫৮ | ৫২১ | ১৩৯ |
| দিনাজপুর | ১২৫ | ১২৫ | ৩৭৭ | ৩৭৭ |
| ঠাকুরগাঁও | ৬৩ | ১৭৬ | ১৬২ | ৩০৮ |
| পঞ্চগড় | ১৪২ | ১৫১ | ১৬৩ | ৪১৪ |
| **সর্বমোট=** | **৭১৫** | **৯০৬** | **১৯১১** | **১৮৩৮** |

## **২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ'র আওতাধীন তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন:**

২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ'র আওতাধীন "তথ্য অধিকার" বিষয়ক প্রশিক্ষণ কোর্স রংপুর বিভাগের বিভিন্ন কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণের সমন্বয়ে ২ টি প্রশিক্ষণ কোর্স আয়োজনের নির্দেশনা রয়েছে।

২০২৩-২৪ অর্থবছরের আপীল আবেদন সংক্রান্ত তথ্য।

ছক

| মোট আপিল আবেদন | মোট নিষ্পত্তি আবেদন |
|---|---|
| ০৮ | ০৮ |

## তথ্য অধিকার বাস্তবায়নে রংপুর বিভাগের বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের অফিসমূহ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের চিত্র:

তথ্য অধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি ও তথ্য অধিকার নিশ্চিত করতে ২৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদযাপন করা হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য “কর্তৃপক্ষের সকল দ্বার খুলে দেবে তথ্য অধিকার”। দিবসটি উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির অংশ হিসেবে বিভাগীয় ও জেলা প্রশাসন, এবং উপজেলা প্রশাসন রংপুর কর্তৃক তথ্য মেলা, আলোচনা সভা, তথ্য অধিকার বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হয়।




সচেতন নাগরিক কমিটি (সনাক), রংপুর এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন।

তথ্য অধিকার আইন, ২০০৯ এর উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করা হয়। বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে চিত্রাঙ্কণ, রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজনপূর্বক পুরস্কার বিতরণ করা হয়। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর কর্তৃক তথ্য অধিকার আইনের যথাযথ ব্যবহারে সকলকে সচেতন হওয়া, জবাবদিহিতা বৃদ্ধিতে এবং দুর্নীতি প্রতিরোধে এ আইন প্রয়োগে সচেষ্ট হতে, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করতে কাজ করা, অধিকার আদায়ে তরুণ শিক্ষার্থীদের এ আইন জানা এবং প্রয়োগে ভূমিকা রাখার আহবান ব্যক্ত করেন। সরকারি-বেসরকারি সকল পর্যায়ে একে অপরের সহযোগী হিসেবে তথ্য অধিকার আইনের বাস্তবায়নে এক সাথে কাজ করতে উৎসাহিত করা হয়। আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে তথ্য অধিকার আইন বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হয় এবং তা প্রচারের লক্ষ্যে নাগরিকদের মধ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক লিফলেট বিতরণ করা হয়।

জেলা পর্যায়ের পাশাপাশি রংপুর জেলার আওতাধীন উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারগণের নেতৃত্বে ইউডিসিসমুহকে সংযুক্ত করে দিনব্যাপী নানাবিধ কর্মসূচি পালিত হয়। উপজেলা পর্যায়ে স্থানীয়ভাবে দিবসটি উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা হয়। তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক সমাজের সকল স্তরের জনগণের নিকট দিবসটির তাৎপর্য্য পৌছে দেয়ার লক্ষ্যে উপজেলা পর্যায়ে লিফলেট, ফেস্টুন ও মাইকিং এর মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।

২৮ সেপ্টেম্বর ২০২৪ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। দিনের শুরুতে সকাল ১০.০০ টায় এক বর্ণাঢ্য র‌্যালি আয়োজন করা হয়। যা লিতে জেলা প্রশাসনসহ জেলা পর্যায়ের কর্মকর্তাগণ, এনজিওসমূহ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীসহ সকলের অংশগ্রহণ নিশ্চিত করা হয়। বর্ণাঢ্য যা লি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় পুলিশ সুপার, কুড়িগ্রাম, সিভিল সার্জন, কুড়িগ্রাম, মেয়র, কুড়িগ্রাম পৌরসভাসহ সরকারি/বেসরকারী বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ, কুড়িগ্রামের গণ্যমান্য ব্যক্তিবর্গ, এনজিওসমূহ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ, সাংস্কৃতিক ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করেন।




জেলা প্রশাসন, কুড়িগ্রামের উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, কুড়িগ্রাম কর্তৃক অনলাইন রচনা এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এবারের প্রতিপাদ্য “তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক” এর উপর অনলাইনে আয়োজিত রচনা এবং কুইজ প্রতিযোগিতায় পৃথকভাবে “ক”বিভাগ: ৯ম ও ১০ম শ্রেণি, খ-বিভাগ: ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ অংশগ্রহণ করে। বর্ণিত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীগণের মধ্য থেকে যাচাই-বাছাই সম্পন্ন করে ১২ জনকে বিজয়ী ঘোষণার মাধ্যমে বিজয়ীদের মাঝে সনদপত্র ও পুরস্কার বিতরণ করা হয়।




জেলা পর্যায়ের কর্মসুচির সাথে সঙ্গাতি রেখে উপজেলা পর্যায়ে ২৮ সেপ্টেম্বর ২০২৪ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উপজেলা নির্বাহী অফিসারগণের তত্ত্বাবধানে যথাযথভাবে উদ্‌যাপিত হয়েছে। বর্ণিত দিবসটি উদ্‌যাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে র‍্যালি, আলোচনা সভা ও অন্যান্য আয়োজনসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।




আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ জেলা ও উপজেলা পর্যায়ে উদযাপন উপলক্ষে জেলা পর্যায়ের কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, স্থানীয় এনজিও প্রতিনিধি, সচেতন নাগরিক কমিটির প্রতিনিধি, স্থানীয় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া কর্মীদের নিয়ে প্রস্তুতিমূলক সভা আয়োজন করা হয়।






আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে কর্মকর্তা, বীরমুক্তিযোদ্ধা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, স্থানীয় এনজিও প্রতিনিধি, সচেতন নাগরিক কমিটির প্রতিনিধি, স্থানীয় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া কর্মীদের নিয়ে র‍্যালি ও আলোচনা সভা আয়োজন।

জেলা শহরের দৃশ্যমান স্থানসমূহে ফেস্টুন স্থাপন, সুসজ্জিত গাড়ী দ্বারা দিবসের তাৎপর্য তুলে ধরে মাইকিংয়ের মাধ্যমে প্রচারণা 'শুধুমাত্র তথ্যের অবাধ প্রবাহই পারে সুশাসন নিশ্চিত করতে' বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা আয়োজন, র‍্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ করা হয়।



।



এই প্রতিপাদ্য নিয়ে ২৮ সেপ্টেম্বর ২০২৪ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপন উপলক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে জেলা তথ্য অফিসের মাধ্যমে মাইকিং করে ব্যাপক প্রচার করা হয়েছে ও তথ্য  মেলার  আয়োজন করা হয়েছে। মেলায় জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর/অধিদপ্তরকে  স্টল বরাদ্দ  দেয়া হয়।

২৮ সেপ্টেম্বর ২০২৪ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস  উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়। দিনের শুরুতে সকাল ১০.০০ টায় জেলা প্রশাসক, তথ্য মেলা উদ্বোধন করেন। পুলিশ সুপার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বীর প্রতীক ক্যাপ্টেন (অবঃ) আজিজুল হক, সভাপতি, সনাক ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ  মেলা  উদ্বোধনে অংশগ্রহণ করেন।




২৮ সেপ্টেম্বর ২০২৪ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপন উপলক্ষে মেলায় কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কুইজ প্রতিযোগিতায় **বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন**। সচেতন নাগরিক কমিটি (সনাক) কর্তৃক মেলায় বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। বিতর্কের বিষয় "তথ্য জানার মাধ্যমে দুর্নীতি দূর করা সম্ভব"। লালমনিরহাট সরকারি কলেজ ও মজিদা খাতুন মহিলা কলেজের ছাত্র-ছাত্রীরা বিতর্কে অংশগ্রহণ করেন। বর্ণিত প্রতিযোগিতায় মজিদা খাতুন মহিলা কলেজের ছাত্রীরা বিজয়ী হন ।



জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা তথ্য অফিসার, বীর প্রতীক ক্যাপ্টেন আজিজুল হক ও সনাক কমিটির সভাপতি, সম্পাদক, সদস্যবৃন্দ এবং জেলা ও সদর উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনান্তে বিজয়ীদের মাঝে সনদপত্র ও পুরস্কার বিতরণ করা হয়।

**জেলা পর্যায়ের কর্মসূচির সাথে সঙ্গাতি রেখে উপজেলা পর্যায়ে** ২৮ সেপ্টেম্বর ২০২৪ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, উপজেলা নির্বাহী অফিসারগণের তত্ত্বাবধানে যথাযথভাবে উদযাপিত হয়েছে। বর্ণিত দিবসটি উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে র‍্যালি, বিতর্ক, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়।






আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ সফলভাবে উদযাপন ও বাস্তবায়নের নিমিত্ত জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। ২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে তথ্য অধিকার সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষে শহরের বিভিন্ন এলাকায় মাইকিং করা হয় এবং লিফলেট ও পোস্টার লাগানো হয়। এদিন সকাল ১০.০০ টায় সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ সাবেত আলী, জেলা প্রশাসক, পঞ্চগড়। এছাড়া জনাব এস, এম শফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, পঞ্চগড়; পঞ্চগড়; চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়, জনাব মো: মাসুদুল হক, উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়;মেয়র, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়; জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাগণ, রাজনৈতিক নেতৃবৃন্দ ও জেলা তথ্য কর্মকর্তা পঞ্চগড়সহ বিশিষ্ট গণ্যমান্য ব্যক্তিবর্গ উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বক্তারা তথ্য অধিকার সম্পর্কে বিভিন্ন বিষয় তুলে ধরেন । সভাপতি তাঁর বক্তব্যে বলেন যে, সকল তথ্য এ কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড করা হয়। এতে করে সেবা প্রত্যাশীরা যেকোন তথ্য ওয়েবসাইট থেকে অনায়সেই পেয়ে থাকেন। অন্যান্য সকল দপ্তরকে তিনি ওয়েব পোর্টালে তথ্য আপলোড ও নিয়মিত হালনাগাদ করতে অনুরোধ করেন। কোন প্রকারেই যেন জনগন তথ্য অধিকার থেকে বঞ্চিত না হয় সে বিষয়ে সকলকে সতর্ক থাকতে এবং যত্নশীল হতে অনুরোধ করেন।




আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ সাবেত আলী, জেলা প্রশাসক, পঞ্চগড়।

২৮/০৯/২০২৪ তারিখ নীলফামারী জেলা সদরসহ সকল উপজেলায় (সদর ব্যতীত) উপজেলায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন করা হয়েছে। জেলা সদরে সকাল ০৯.০০টায় বর্ণাঢ্য র‍্যালী প্রদান করে সকাল ১০.০০টায় জেলা প্রশাসক সম্মেলন কক্ষে আলোচনা সভা করা হয়। আলোচনা সভায় কালেক্টরেটের কর্মকর্তা/কর্মচারীগণসহ জেলা পর্যায়ের সকল কর্মকর্তগণ, স্কুল-কলেজের শিক্ষক ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন। জেলা শিক্ষা অফিসারের নের্তৃত্বে স্কুল-কলেজের শিক্ষার্থীদের মধ্যে দিবসের তাৎপর্য তুলে ধরে বিতর্ক প্রতেযোগিতার আয়োজন শেষে বেলা ১২.০০ টায় জেলা প্রশাসক সম্মেলন কক্ষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।
অনুরূপভাবে, জেলার ৫টি উপজেলায় (সদর ব্যতীত) র‍্যালী, আলোচনা সভা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।






জেলা পর্যায়ের কর্মসূচীর সাথে সঙ্গতি রেখে উপজেলা পর্যায়ে ২৮ সেপ্টেম্বর ২০২৪ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, উপজেলা নির্বাহী অফিসারগণের তত্বাবধানে যথাযথভাবে উদযাপিত হয়েছে। বর্ণিত দিবসটি উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে র‍্যালি, বিতর্ক, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়।




২৮ সেপ্টেম্বর ২০২৪ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি।

'তথ্য প্রযুক্তির যুগে জনগনের তথ্য অধিকার নিশ্চিত হোক' এই প্রতিপাদ্য সামনে রেখে দিনাজপুর জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপিত হয়। দিবসটি উদযাপন উপলক্ষ্যে দিনব্যাপী ০১টি সুসজ্জিত পিকআপ ভ্যান ও জেলা তথ্য অফিসের মাইক্রোবাসের মাধ্যমে প্রচার প্রচারণা চালানো হয়। দিবসটির তাৎপর্য ও প্রতিপাদ্য জনসমক্ষে তুলে ধরার নিমিত্ত লিফলেট, ব্যানার ও মাইকের মাধ্যমে বহুল প্রচারণার ব্যবস্থা করা হয়। দিবসটি উপলক্ষ্যে শহরের বিভিন্ন স্থান ব্যানার ও ফেস্টুন দ্বারা সুসজ্জিত করা হয়।

বেলুন ও ফেষ্টুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন জেলা প্রশাসক জনাব মোহাম্মদ নায়িরুজ্জামান। এরপর বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক তথ্যের যথোপযুক্ত ব্যবহার ও 'তথ্য অধিকার আইন ২০০৯' এর গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), অতিরিক্ত পুলিশ সুপার, সভাপতি (সনাক)সহ সুশীল সমাজের প্রতিনিধিগণ। এ সময় জেলার আওতাধীন সরকারি অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদ করণের বিষয়ে জোর দেওয়া হয়।


২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উপলক্ষে
আলোচনা সভা
প্রধান অতিথি : জনাব সোহাগ চন্দ্র সাহা
ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, দিনাজপুর।
বিশেষ অতিথি : ১। জনাব নাজমুল হাসান
পিপিএম-সেবা, পুলিশ সুপার, দিনাজপুর
২। জনাব এ এইচ এম বোরহান উল ইসলাম সিদ্দিকী
সিভিল সার্জন, দিনাজপুর।
৩। জনাব মোঃ হাবিবুল ইসলাম, সভাপতি সনাক-টিআইবি, দিনাজপুর।
সভাপতি : জনাব মোহাম্মদ নূর এ আলম
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর
তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২৪
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (কাঞ্চন-১), দিনাজপুর
আয়োজনে: জেলা প্রশাসন, দিনাজপুর ও সচেতন নাগরিক কমিটি (সনাক), টিআইবি, দিনাজপুর।



জেলা পর্যায়ের পাশাপাশি দিনাজপুর জেলার (সদর উপজেলা ব্যতিত) ১২টি উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারগণের নেতৃত্বে ইউডিসিসমুহকে সংযুক্ত করে দিনব্যাপী নানাবিধ কর্মসূচি পালিত হয়। উপজেলা পর্যায়ে স্থানীয়ভাবে দিবসটি উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা হয়। তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক সমাজের সকল স্তরের জনগণের নিকট দিবসটির তাৎপর্য্য পৌছে দেয়ার লক্ষ্যে উপজেলা পর্যায়ে লিফলেট, ফেস্টুন ও মাইকিং এর মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।




আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁওয়ের সম্মেলন কক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ঠাকুরগাঁও জেলার সরকারি ও বেসরকারি দপ্তরের কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ, সাংবাদিক, বীর মুক্তিযোদ্ধা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। সভার শুরুতে এ কার্যালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা ও সহকারী কমিশনার (আইসিটি) সকলের উদ্দ্যেশ্যে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। উক্ত প্রেজেন্টেশনেতথ্য অধিকার আইন, ২০০৯ এর বিভিন্ন বিষয়ের উপর আলোচনা করে দিবসের স্লোগান দিয়ে শেষ করেন। প্রেজেন্টেশনের পর উন্মুক্ত আলোচনা শুরু হয়। উন্মুক্ত আলোচনায় সভাপতি, প্রেসক্লাব তথ্য অধিকার আইন, ২০০৯ এর গুরুত্বপুর্ণ বিষয়ের উপর বক্তব্য পেশ করেন। এছাড়াও আলোচনা সভায় তথ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আরোও বক্তব্য রাখেন আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার; পুলিশ সুপারের প্রতিনিধি; জেলা শিক্ষা অফিসার; সহকারী তথ্য অফিসার, জেলা তথ্য অফিস; বীর মুক্তিযোদ্ধা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ছাড়াও আরোও অনেকে। আলোচনা সভার সভাপতি জেলা প্রশাসক ঠাকুরগাঁও মহোদয় সমাপনী বক্তব্য রাখেন। তিনি সমাপনী বক্তব্যে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিভিন্ন বিষয় তুলে ধরেন এবং জনগণ যাতে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আবেদনের প্রেক্ষিতে যথাযথ সেবা পায় সে বিষয়ে তিনি আলোকপাত করেন।




জেলা প্রশাসন, ঠাকুরগাঁও এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা।




আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁওয়ের দৃশ্যমান স্থানে ড্রপডাউন ব্যানার প্রদর্শন করা হয় এবং ডিজিটাল এডভার্টাইজিং বোর্ডের মাধ্যমে দিনব্যাপী প্রচার করা হয়।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুরে বর্তমানে কর্মরত কর্মকর্তাবৃন্দ:**



**মো: আজমল হোসেন**
বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত), রংপুর



মো: আবু জাফর
পরিচালক
স্থানীয় সরকার শাখা



মোঃ আসাদুজ্জামান
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)



মোঃ রিয়াজ উদ্দিন
উপ-পরিচালক (স্থানীয় সরকার)



ইন্দ্রজীত সাহা
সিনিয়র সহকারী কমিশনার
(সাধারণ শাখা)



কাজী মোহাম্মদ অনিক ইসলাম
সিনিয়র সহকারী কমিশনার
(সংস্থাপন শাখা)



মো: কামরুজ্জামান সরকার
সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব শাখা)



মো: মারুফ হাসান
বিভাগীয় কমিশনারের একান্ত সচিব
বিভাগীয় নির্বাচনি বোর্ড, রংপুর
(গোপনীয় শাখা, নেজারত শাখা ও হিসাব শাখা)



মোঃ মিজানুর রহমান
সিনিয়র সহকারী কমিশনার
(আইসিটি শাখা)

## তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, রংপুর এর তালিকা:

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি

| ক্রম | সদস্যগণের পদবী ও ঠিকানা | কমিটির পদবী |
|---|---|---|
| ০১ | বিভাগীয় কমিশনার, রংপুর | সভাপতি |
| ০২ | উপ-মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রংপুর রেঞ্জ, রংপুর | সদস্য |
| ০৩ | মেট্রোপলিটন পুলিশ কমিশনার, রংপুর | সদস্য |
| ০৪ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) রংপুর বিভাগ, রংপুর | সদস্য |
| ০৫ | পরিচালক, (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর | সদস্য |
| ০৬-১৩ | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর | সদস্য |
| ১৪ | পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর | সদস্য |
| ১৫-১৬ | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর/দিনাজপুর রংপুর | সদস্য |
| ১৭-১৮ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত, রংপুর/দিনাজপুর সার্কেল | সদস্য |
| ১৯ | অধ্যক্ষ, রংপুর সরকারী কলেজ, রংপুর | সদস্য |
| ২০ | পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর | সদস্য |
| ২১ | উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রংপুর | সদস্য |
| ২২ | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর | সদস্য |
| ২৩ | উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর | সদস্য |
| ২৪ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর | সদস্য |
| ২৫ | সভাপতি, প্রেস ক্লাব, রংপুর | সদস্য |
| ২৬ | বিজ্ঞ পিপি, জজ কোর্ট, রংপুর | সদস্য |
| ২৭-২৯ | এনজিও প্রতিনিধি, আরডিআরএস/ইএসডিও/ব্র্যাক | সদস্য |
| ৩০-৩১ | জনাব লতিফা শওকত, সাধারণ সম্পাদক, বিভাগীয় মহিলা ক্রীড়া সংস্থা, রংপুর<br>প্রধান শিক্ষিকা, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর | সদস্য |
| ৩২-৩৩ | সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, বিভাগীয় কমিটি রংপুর<br>সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, মহানগর কমিটি, রংপুর | সদস্য |
| ৩৪ | সহকারী কমিশনার, সাধারণ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর | সদস্য-সচিব |

বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম:

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | সেবা প্রদান পদ্ধতি |
|---|---|---|
| ১ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুরে কর্মরত কর্মকর্তাগণের নাম, পদবি, শাখা/অধিশাখা/অনুবিভাগ, দাপ্তরিক ও আবাসিক টেলিফোন নম্বর, ফ্যাক্স নম্বর ও ই-মেইল। | ওয়েবসাইট |
| ২ | জেলা প্রশাসকগণের তালিকা। | ওয়েবসাইটে |
| ৩ | সরকারি বিভিন্ন কল সন্টার নম্বর। | ওয়েবসাইটে |
| ৪ | রংপুর বিভাগে কর্মরত সহকারী কমিশনার, সিনিয়র সহকারী কমিশনার ও উপজেলা নির্বাহী অফিসারগণের বদলী/পদায়ন প্রজ্ঞাপন ওয়েবসাইটে প্রকাশ। | ই-মেইল/ডাকযোগ |
| ৫ | এ কার্যালয়ে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারীসহ এ বিভাগের সহকারী কমিশনার, সিনিয়র সহকারী কমিশনার, অতিরিক্ত জেলা প্রশাসক ও জেলা প্রশাসকগণের এনও সি প্রদান ও ওয়েবসাইটে প্রকাশ। | ই-মেইল/ডাকযোগ |
| ৬ | এ বিভাগে কর্মরত সকল কর্মচারীদের বহি: বাংলাদেশ ছুটি অনুমোদন। | ই-মেইল/ডাকযোগ |
| ৭ | এ বিভাগে কর্মরত প্রশাসনি কর্মকর্তাদের ভবিষ্যৎ তহবিল হতে উত্তোলনের চুড়ান্ত অনুমোদন। | ই-মেইল/ডাকযোগ |
| ৮ | উপজেলা পর্যায়ে সহকারী কমিশনার (ভূমি), অতিরিক্ত হুকুম দখল কর্মকর্তা, কানুনগো, সার্ভেয়ার, ইউনিয়ন ভূমি সহাকরী কর্মকর্তা ও ইউনিয়ন ভূমি উপ-সহাকরী কর্মকর্তাগণের বদলী/পদায়ন। | ই-মেইল/ডাকযোগ |
| ৯ | জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ভূমি প্রশাসনে কর্মরত ১০-২০ গ্রেডের কর্মচারীদের সাধারণ ভবিষ্যৎ তহবিল হতে অর্থ উত্তোলনের চুড়ান্ত অনুমোদন। | ই-মেইল/ডাকযোগ |
| ১০ | জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ভূমি প্রশাসনে কর্মরত ১০-২০ গ্রেডের কর্মচারীদের বহি: বাংলাদেশ ভ্রমনের অনুমোদন। | ই-মেইল/ডাকযোগ |
| ১১ | ২০ একরের উর্দ্ধে জলমহালের ক্ষেত্রে ইজারামূল্য ১০ লক্ষ টাকার উর্দ্ধে হলে ইজারা প্রস্তাবের চুড়ান্ত অনুমোদন। | ডাকযোগ |
| ১২ | ২০ একরের নিম্নে জলমহালের ক্ষেত্রে ইজারামূল্য ১০ লক্ষ টাকার উর্দ্ধে হলে ইজারা প্রস্তাবের চুড়ান্ত অনুমোদন। | ডাকযোগ |
| ১৩ | ভিপি ফলবাগান/ভিপি পুকুর ইজারা অনুমোদন। | ডাকযোগ |
| ১৪ | বালুমহালের তালিকা/ক্যালেন্ডার অনুমোদন। | ডাকযোগ |
| ১৫ | নতুন বালুমহাল ঘোষনা ও পুরাতন বালুমহাল বিলুপ্তকরণ। | ডাকযোগ |
| ১৬ | কালেক্টরেটের অডিট আপত্তির বক্ষ্যমান জবাব সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ। | ডাকযোগ |
| ১৭ | ভূমি প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা আপীল শুনানী ও নিষ্পত্তি। | ডাকযোগ |
| ১৮ | হুকুম দখল সংক্রান্ত আপত্তি ও চুড়ান্ত অনুমোদন। | ডাকযোগ |
| ১৯ | ৫০,০০০/- টাকা পর্যন্ত এল এ কন্টিজেন্সির বরাদ্দ প্রদান। | ডাকযোগ |
| ২০ | বিভাগীয় নির্বাচনী বোর্ডের অধীনে জনবল নিয়োগের পরীক্ষাসূচী ও উত্তীর্ণদের চুড়ান্ত তালিকা প্রকাশ। | ওয়েবসাইট/নোটিশ বোর্ড |
| ২১ | এ কার্যালয়ে অনুষ্ঠিত সভার নোটিশ ও কার্যবিবরণী। | ওয়েবসাইটে |
| ২২ | কর্মকর্তা/কর্মচারীদের NOC নোটিশ। | ওয়েবসাইটে |
| ২৩ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর বার্ষিক ক্রয়-পরিকল্পনা। | ওয়েবসাইটে |

**তথ্য অধিকার বাস্তবায়নে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর সুপারিশ:**

০১। তথ্য অধিকার আইন সম্পর্কে জনসাধারণকে অবগত করতে ব্যানার, ফেস্টুন, মাইকিং, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বিজ্ঞাপনসহ নানামুখী প্রচারণা চালাতে হবে।

০২। জনসাধারণের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যম হিসেবে জেলা ও উপজেলা প্রশাসনের ফেসবুক পেইজ খুলে সেখানে তথ্য অধিকার বিষয়ে ক্যাম্পেইন চালাতে হবে।

০৩। ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালানাগাদ করতে হবে।

০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিকল্প কর্মকর্তা বদলি হলে তাদের নাম, ছবি, মোবাইল নম্বর ও ই-মেইল ওয়েবসাইটে নিয়মিত হালানাগাদ করতে হবে।

০৫। কোন অফিসের তথ্য প্রদানের সাথে তথ্য প্রদানকারী কর্মকর্তা এককভাবে সম্পৃক্ত নয়। তাই তথ্য প্রদানে ব্যর্থ হলে তথ্য প্রদানকারী কর্মকর্তাকে এককভাবে দায়ী না করে সংশ্লিষ্ট সকলকে জবাবদিহিতার আওতায় আনতে হবে।

০৬। সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য প্রত্যেক অফিসে “সেবাগ্রহীতার মতামত বক্স” স্থাপন করতে হবে।

০৭। সরকারি কর্মকর্তা-কর্মচারীর পাশাপাশি জনপ্রতিনিধি ও রাজনৈতিক ব্যক্তিদেরও তথ্য অধিকার আইন সম্পর্কে অবহিতকরণের কর্মসূচি গ্রহণ করতে হবে।

০৮। তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে। মনিটরিং বাড়াতে হবে।

০৯। প্রাপ্ত আপীল আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তি করতে হবে।

# উপসংহার:

তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়নের একদশক অতিবাহিত হয়েছে। এই আইনটি প্রণয়নের ফলে তথ্যের জগতে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়েছে। অফিসিয়াল সিক্রেটস অ্যাক্ট, ১৯২৩ এর মাধ্যমে একসময় কতিপয় বিষয় ছাড়া কোন তথ্য প্রকাশ করা হতো না। অপরদিকে তথ্য অধিকার আইন, ২০০৯ পাশের ফলে সৃষ্টি হয়েছে তথ্য উন্মুক্তকরণের জোয়ার। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলো এখন স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ করছে, প্রযুক্তির মাধ্যমে সৃষ্টি হয়েছে তথ্য প্রকাশের প্রবল নেটওয়ার্ক। আইনটির বিষয়ে জনগণের মাঝে সচেতনতা কিছুটা বৃদ্ধি পাওয়ায় প্রতি বছরই বেড়ে চলেছে তথ্য প্রাপ্তির আবেদননের সংখ্যা এবং তথ্য না পেলে আপীলের সংখ্যা।

তথ্য অধিকার আইন, ২০০৯ প্রয়োগের ক্ষেত্রে বিগত বছরগুলোর তথ্য প্রাপ্তির আবেদন এবং আপিল আবেদন পর্যালোচনা করলে দেখা যায়, নাগরিকগণ ক্রমেই এই আইন প্রয়োগের মাধ্যমে তথ্য চাইতে উদ্বুদ্ধ হচ্ছে। কিন্তু তথ্য চাওয়ার ক্ষেত্রে জনগণের ধারণা এখনও সুস্পষ্ট নয়। অর্থাৎ তথ্য অধিকার আইনের আওতায় কোন বিষয়গুলোর তথ্য চাওয়া যাবে এবং নির্ধারিত ফরমে কিভাবে আবেদন করতে হবে এ বিষয়ে জনসাধারণের মাঝে এখন সুস্পষ্ট ধারণা নেই। অন্যদিকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মাঝেও কিভাবে তথ্য সরবরাহ করতে হবে সে বিষয়ে অস্পষ্টতা রয়েছে। এজন্য প্রশিক্ষণের মাধ্যমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের এই আইন সম্পর্কে আরো বেশি দক্ষ করে গড়ে তোলা এবং জনগণের মাঝে এই আইন সম্পর্কে সুস্পষ্ট ধারণা সৃষ্টি করার পদক্ষেপ করা একান্ত প্রয়োজন। তাহলেই “তথ্য চাওয়া” এবং “তথ্য সরবরাহ” এ দুটি বিষয়ের মধ্যে একটি যোগসূত্র সৃষ্টি হবে। ফলে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বাস্তবায়নের একটি সফল চিত্র পাওয়া যাবে, যা টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে রাষ্ট্রকে এগিতে নিয়ে যাবে।